



প্রাইমারি স্কুলে শিক্ষকতার টেট পরীক্ষা

রাজ্যের প্রাথমিক স্কুলগুলিতে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার জন্য অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতার সঙ্গে টেট পাশ হওয়া চাইই। পরীক্ষার প্রস্তুতি সহায়তার জন্য ধারাবাহিকভাবে দেওয়া হচ্ছে জীবিকা দিশারী প্র্যাক্টিস সেট।

মোট ১৫০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। সময়সীমা দেড় ঘন্টা। ১৫০ নম্বরের মধ্যে ন্যূনতম ৬০ শতাংশ নম্বর পেলে প্রার্থীকে টেট উত্তীর্ণ বলে ঘোষণা করা হবে, সার্টিফিকেট দেওয়া হবে, যা বৈধ থাকবে ৩ বছর। সুতরাং ১৫০ নম্বরের মধ্যে কমপক্ষে ৯০ নম্বর পেতে হবে। সংরক্ষিত শ্রেণির জন্য টেট পাশের নম্বর ৫৫ শতাংশ। পরীক্ষার সিলেবাস প্রকাশিত না হলেও এনসিটিইর নিয়ম অনুযায়ী থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট ৩০ নম্বর, প্রথম ভাষা (বাংলা/হিন্দি/উর্দু/নেপালি/সাঁওতালি/ওড়িয়া/ তেলুগু—নির্ধারিত হবে সংশ্লিষ্ট স্কুলের ভাষামাধ্যম অনুযায়ী) ৩০ নম্বর, দ্বিতীয় ভাষা (ইংরেজি) ৩০ নম্বর, অঙ্ক ৩০ নম্বর এবং এনভায়রনমেন্টাল সায়েন্স ৩০ নম্বর। প্রথম ভাষা হিসাবে ইংরাজির কথা বলা হয়নি এবং সবার ক্ষেত্রেই দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি থাকতে হবে। পরীক্ষা হবে সারা রাজ্যে একইদিনে।

শিশু মনস্তত্ত্ব ও শিক্ষাবিজ্ঞান

১. বৃদ্ধি হল—

(ক) পরিমাপযোগ্য (খ) গুণগত (গ) পর্যবেক্ষণ সাপেক্ষ (ঘ) মতভেদ সাপেক্ষ

২. বিকাশের কোন স্তরে শিশু ক্রোধ ও স্নেহের মধ্যে পার্থক্য বুঝতে পারে?

(ক) শৈশবে (খ) বাল্যকালে (গ) বয়ঃসন্ধিকালে (ঘ) প্রাপ্ত বয়সে

৩. ব্যক্তিগত পার্থক্যকেন্দ্রিক শিক্ষণ পদ্ধতিগুলি হল.....

(ক) প্রজেক্ট পদ্ধতি (খ) ডাল্টন পদ্ধতি (গ) প্রোগ্রাম ইনস্ট্রাকশন পদ্ধতি (ঘ) উপরের সবগুলি

৪. শৈশব ও বয়স্কদের আবেগের মধ্যে মৌলিক পার্থক্য হল.....

(ক) শিশুর আবেগের স্থায়িত্ব কম (খ) আবেগ নিয়ন্ত্রণের ক্ষমতা বয়স্কদের বেশি

(গ) শিশুর আবেগের গভীরতা কম (ঘ) উপরের সবগুলি

৫. ব্যক্তিত্বের ১৬টি উপাদানের কথা বলেছিলেন

(ক) গিলফোর্ড (খ) আলপোর্ট (গ) ক্যাটেল (ঘ) লিউইন

৬. অভ্যন্তরীণ অ্যাসেসমেন্ট.....

(ক) অধিকাংশ ক্ষেত্রে বিষয় শিক্ষক পরিচালনা করেন (খ) বিষয় শিক্ষক ছাড়া অন্য শিক্ষক পরিচালনা করেন (গ) বিদ্যালয়ের প্রধান শিক্ষক পরিচালনা করেন

(ঘ) কোনোটি সঠিক নয়

৭. শিশুর বিকাশের ক্ষেত্রে

(ক) প্রথম দিকের বিকাশ পরবর্তী বিকাশের অপেক্ষা তাৎপর্যপূর্ণ (খ) পরবর্তী স্তরের বিকাশ প্রথম দিকের বিকাশ অপেক্ষা তাৎপর্যপূর্ণ (গ) প্রথম ও পরবর্তী বিকাশ সমগুরুত্বপূর্ণ (ঘ) সঠিকভাবে কিছু বলা যায় না

৮. ব্রিডের মতে শিশুর কোন বয়সে সমস্ত মৌলিক প্রক্ষোভগুলি বিকাশ লাভ করে?

(ক) ১ বছর বয়সে (খ) ২ বছর বয়সে (গ) ৩ বছর বয়সে (ঘ) ৫ বছর বয়সে

৯. শিক্ষকের কর্তব্য হল

(ক) বংশধারা সূত্রে প্রাপ্ত বৈশিষ্ট্যগুলি সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করা

(খ) শিক্ষার্থীরা যাতে নিজেদের ক্ষমতা ও দুর্বলতা সম্পর্কে সচেতন হয় সে ব্যাপারে সাহায্য করা (গ) অনুকূল পরিবেশ গড়ে তুলতে সাহায্য করা (ঘ) উপরের সবগুলি

১০. নীতিহীন আচরণ হল.....

(ক) সমাজ প্রত্যাশিত নৈতিক আচরণ সম্পর্কে অজ্ঞতা (খ) ইচ্ছাকৃতভাবে সমাজ-প্রত্যাশিত আচরণের বিরোধিতা করা (গ) অল্পবয়স্ক বালক-বালিকাদের করা বড়দের অপছন্দের আচরণ অধিকাংশ ক্ষেত্রেই অনৈতিক আচরণ নয়, নীতিহীন আচরণ

(ঘ) উপরের সবগুলি

উত্তর

১. (ক) ২. (ক) ৩. (ঘ) ৪. (ঘ) ৫. (গ) ৬. (ক) ৭. (ক) ৮. (গ) ৯. (ঘ)

১০. (ঘ)

প্রথম ভাষা: ভাষা

১. 'নদী' শব্দটি কোন ধরনের শব্দ?

(ক) তৎসম (খ) অর্ধ তৎসম (গ) তদ্ভব (ঘ) দেশি

২. এক কথায় প্রকাশ করুন: নূপুরের শব্দ

(ক) নিকর (খ) পায়ের (গ) টঙ্কার (ঘ) বুমকো

৩. নিচের কোন নাটকটি অন্যদের থেকে আলাদা?

(ক) নূরজাহান (খ) শাহজাহান (গ) মেবার পতন (ঘ) নবাব

৪. বিলাতি > বিলিতি— এটি কোন ধরনের ধ্বনি পরিবর্তন?

(ক) অপিনিহিতি (খ) স্বরভক্তি (গ) স্বরসঙ্গতি (ঘ) সমীকরণ

৫. নিচের কোন শব্দের পাশে সঠিক শব্দার্থ লেখা নেই?

(ক) দ্বৈত—হিংসা (খ) নিশিত—মধ্যরাত (গ) চন্দ্রিকা—জ্যোৎস্না (ঘ) জাতীশ্বর—বর্গশ্রেষ্ঠ

৬. নিচের কোন শব্দের পাশে সঠিক বিপরীত শব্দ লেখা নেই?

(ক) আশা—নিরাশা (খ) উষা—প্রভাত (গ) কুৎসিত—সুন্দর (ঘ) উন্নয়ন—অবনয়ন

৭. নিচের কোন পদ পরিবর্তনটি সঠিক নয়?

(ক) পথ—পথিক (খ) অসন্তোষ—অসন্তুষ্ট (গ) ক্ষোভ—বিক্ষোভ (ঘ) ইচ্ছা—ঐচ্ছিক

৮. 'বসন্তে কোকিলের ডাক কতই না মধুর!' এটি হল.....

(ক) বিশ্ময়সূচক বাক্য (খ) অনুজ্ঞাবাক্য (গ) অন্ত্যর্থক বাক্য (ঘ) না-বাক্য

৯. নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা নয়?

(ক) নীলদর্পণ (খ) শ্যামা (গ) রক্তকরবী (ঘ) চিত্রাঙ্গদা

উত্তর

১. (ক) ২. (ক) ৩. (ঘ) ৪. (গ) ৫. (খ) ৬. (খ) ৭. (গ) ৮. (ক) ৯. (ক)

SECOND LANGUAGE: ENGLISH

Directions (Q 1-6): Fill in the blanks to make the sentences meaningfully complete.

1. We mustto authority.

(a) bend (b) surrender (c) subdue (d) submit

2. I am feelingbetter today.

(a) rather (b) too (c) fairly (d) very

3. I have..... for one month's leave.

(a) demanded (b) requested (c) wanted (d) asked

4. The car runthe railings.

(a) to (b) in (c) at (d) into

5. Father shall return.....an hour.

(a) during (b) after (c) within (d) in

6. He is hard..... these days.

(a) up (b) off (c) with (d) on

Directions (Q 7-9): Choose the word which can be substituted for the given phrase/sentence.

7. People in a riot.

(a) Crowed (b) Mob (c) Rabble (d) Congregation

8. Murder of a King.

(a) Matricide (b) Genocide (c) Regicide (d) Homicide

9. That which can be carried.

(a) Handy (b) Portable (c) Potable (d) Bearable

Directions (Q 10-11): Below each sentence some alternatives are given which can substitute the underlined phrase. Find out the choice which can correctly substitute that part of the sentence.

10. I wish that I read this book before the seminar.

(a) Had read (b) can read (c) was reading (d) No improvement

11. You can't go that way, I'm afraid, as the road is in repair.

(a) under repairs (b) under repair (c) on repair (d) No improvement

ANSWERS

1. (d) 2. (c) 3. (d) 4. (d) 5. (c) 6. (a) 7. (b) 8. (c) 9. (b) 10. (a) 11. (a)

পরিবেশ বিদ্যা

১. জীবের পরিবেশের সঙ্গে পরিবর্তিত হওয়ার ক্ষমতাকে কী বলে?

(ক) অভিযোজন (খ) অভিযুক্তি (গ) বাস্তুতন্ত্র (ঘ) বংশগতি

২. জীবহীন নতুন ভূ-খণ্ডে উদ্ভিদ ও প্রাণীর বিস্তারকে কী বলে?

(ক) ডিলিশন (খ) সাল্ভেসন (গ) ইলেশন (ঘ) ডিশন

৩. লাইকেন হল.....

(ক) শৈবাল ও ছত্রাকের মিথোজীবিতা (খ) একপ্রকার উন্নত মানের ছত্রাক (গ) ভোজ্যফার্ন (ঘ) জীব সৃষ্টির প্রক্রিয়া

৪. পরিবেশের হাইড্রোস্ফিয়ার গঠিত.....

(ক) জল দ্বারা (খ) বায়ু দ্বারা (গ) মুস্তিকা দ্বারা (ঘ) কোনোটিই নয়

৫. পরিবেশের গঠনকারী উপাদান হল.....

(ক) জৈব-উপাদান (খ) অজৈব উপাদান (গ) শক্তি উপাদান (ঘ) উপরের সবগুলি

৬. পরাগরেণু থেকে নিচের কোন রোগ হয়?

(ক) টাইফয়েড (খ) ম্যালেরিয়া (গ) কলেরা (ঘ) অ্যালার্জি

৭. ৫ জুন পালিত হয়.....

(ক) জল দিবস (খ) বসুন্ধরা দিবস (গ) পরিবেশ দিবস (ঘ) অরণ্য-সংরক্ষণ দিবস

৮. মুক্তভাবে ভাসমান আণুবীক্ষণিক জীবকে কী বলা হয়?

(ক) নেকটন (খ) প্ল্যাকটন (গ) পেরিফাইটন (ঘ) কোনোটিই নয়

৯. জীব যে জায়গা অধিকার করে থাকে তাকে কী বলে?

(ক) নিস (খ) হ্যাবিট্যাট (গ) ইকোটন (ঘ) কোনোটিই নয়

১০. নিচের কোন প্রাণীটিকে ভারতের প্রাকৃতিক

পরিবেশে পাওয়া যায় না?

(ক) বাঘ (খ) সিংহ (গ) গন্ডার (ঘ) জেব্রা

উত্তর

১. (ক) ২. (খ) ৩. (ক) ৪. (ক) ৫. (ঘ) ৬. (ঘ) ৭. (গ) ৮. (খ) ৯. (খ) ১০. (ঘ)

অঙ্ক

1. 6200 টাকাকে এরূপ 3 অংশে বিভক্ত করুন যেন 5% হারে সরল সুদে

অংশগুলির যথাক্রমে 2, 3 এবং 5 বছরের সুদ সমান হয়।

(a) অংশত্রয় যথাক্রমে 3000 টাকা, 2000 টাকা এবং 1200 টাকা (b) অংশত্রয় যথাক্রমে 4000 টাকা, 1000 টাকা এবং 1300 টাকা (c) অংশত্রয় যথাক্রমে 3500 টাকা, 2500 টাকা এবং 1500 টাকা (d) অংশত্রয় যথাক্রমে 5000 টাকা, 3000 টাকা এবং 2000 টাকা

2. দুই অঙ্কবিশিষ্ট কোনো সংখ্যার অঙ্ক দুটির সমষ্টি সংখ্যাটির এক-সপ্তমাংশ। অঙ্ক দুটি স্থান পরিবর্তন করলে যে সংখ্যাটি গঠিত হয়, সেটি মূল সংখ্যাটি অপেক্ষা 18 কম। সংখ্যাটি নির্ণয় করুন।

(a) 42 (b) 44 (c) 43 (d) 40

3. বার্ষিক 6% হার সুদে 600 টাকা এবং 8% হারে 800 টাকা ধার দিয়ে মোট 428

টাকা সুদ পাওয়া গেল। দ্বিতীয় টাকটি 2 বছর অধিক সময়ের জন্য ধার দেওয়া হয়েছিল। কোন টাকা কত বছর ধার দেওয়া হয়েছিল?

(a) 600 টাকা 2 বছর ও 800 টাকা 4.5 বছর (b) 600 টাকা 1 বছর ও 800 টাকা 6 বছর (c) 600 টাকা 3 বছর ও 800 টাকা 5 বছর (d) 600 টাকা 3.5 বছর ও 800 টাকা 4.5 বছর

4. বার্ষিক 10% হারে 16000 টাকার 3 বছরের চক্রবৃদ্ধি সুদ নির্ণয় করুন।

(a) 5206 টাকা (b) 4296 টাকা (c) 5200 টাকা (d) 5296 টাকা

ANSWERS

1. (a) একই হারে 2, 3 এবং 5 বছরে অংশগুলির সুদ সমান হয়, সেজন্য প্রথম অংশটি বৃহত্তম ও শেষাংশ ক্ষুদ্রতম হবে।

প্রথম অংশ 1 ভাগ ধরলে দ্বিতীয় অংশ হবে তার $\frac{2}{3}$ ভাগ এবং তৃতীয়াংশ হবে তার $\frac{2}{5}$

ভাগ।

এখানে $1 + \frac{2}{3} + \frac{2}{5} = \frac{31}{15}$ এফগে 6200 টাকাকে $\frac{31}{15}$ দিয়ে ভাগ করলে 1 ভাগ অর্থাৎ

প্রথম অংশ পাওয়া যাবে।

\therefore প্রথম অংশ $\frac{6200}{31}$ টাকা = $\frac{6200}{31} \times 15$ টাকা = 3000 টাকা

\therefore দ্বিতীয়াংশ = $\frac{2}{3} \times$ প্রথমাংশ = 3000 টাকা $\times \frac{2}{5} = 2000$ টাকা

এবং তৃতীয়াংশ = $\frac{2}{5} \times$ প্রথমাংশ = 3000 টাকা $\times \frac{2}{5} = 1200$ টাকা

\therefore নির্ণেয় অংশত্রয় যথাক্রমে 3000 টাকা, 2000 টাকা এবং 1200 টাকা।

2. (a) মনে করুন, সংখ্যাটি = $10x + y$

প্রশ্নানুসারে, $x+y = \frac{10x+y}{7}$ বা, $10x + y = 7x + 7y$

বা, $3x - 6y = 0$ বা, $x - 2y = 0$ (i)

আবার, $10y + x = 10x + y - 18$ বা, $-9x + 9y = -18$

বা, $x - y = 2$ (ii)

(i) ও (ii) বিয়োগ করে পাই, $-y = -2$ বা, $y = 2$

y -এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই, $x - 2 = 2$ বা, $x = 4$

\therefore নির্ণেয় সংখ্যাটি = $10 \times 4 + 2 = 40 + 2 = 42$

3. (c) মনে করুন, 600 টাকা x বছরের জন্য খেটেছে। অতএব, 800 টাকা $(x + 2)$ বছর খেটেছে।

প্রথমপক্ষে, 600 টাকার 1 বছরের সুদ = 6 টাকা $\times 6 = 36$ টাকা

$\therefore 600$,, ,, ,, ,, = $36x$ টাকা

অনুরূপ, 800 টাকার 1 বছরের সুদ = 8 টাকা $\times 8 = 64$ টাকা

\therefore ওই টাকার $(x + 2)$ বছরের সুদ = $64(x + 2)$ টাকা

\therefore প্রশ্নানুযায়ী, $36x + 64(x + 2) = 428$. বা, $36x + 64x + 128 = 428$

বা, $100x = 428 - 128 = 300$ $\therefore x = 3$.

অতএব, 600 টাকা 3 বছর ও 800 টাকা 5 বছর ধার দেওয়া হয়েছিল।

4. (d) আমরা জানি, যে বার্ষিক $R\%$ হারে n বছরের শেষে সর্ব্বক্ষিমূল A নির্ণয়ের সূত্র

$A = P \left(1 + \frac{R}{100}\right)^n$ এখানে $P = 16000$ টাকা

$R =$ বার্ষিক 10% এবং $n = 3$ বছর

\therefore 3 বছর পর সর্ব্বক্ষিমূল = $16000 \left(1 + \frac{10}{100}\right)^3$ টাকা

= $16000 \left(1 + \frac{1}{10}\right)^3$ টাকা

= $16000 \left(\frac{11}{10}\right)^3$ টাকা

= $16000 \times \frac{11 \times 11 \times 11}{10 \times 10 \times 10}$ টাকা

= $(16 \times 11 \times 11 \times 11)$ টাকা = 21296 টাকা

\therefore চক্রবৃদ্ধির সুদ = $A - P = (21296 - 16000)$ টাকা = 5296 টাকা।